Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯


প্রথম আলো

ইত্তেফাক

দেশ রুপান্তর



মানবকণ্ঠ



আজকালের খবর



ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের ২০২৩-২৪ ও ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বরণ এবং ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে গতকাল মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কলা অনুষদের ডিন ও সংস্কৃত বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে সংস্কৃত বিভাগের অনারারি অধ্যাপক ড. নারায়ণ চন্দ্র বিশ্বাস, অধ্যাপক ড. অসীম সরকার ও অধ্যাপক ড. ময়না তালুকদার বক্তৃতা করেন। সঞ্চালনা করেন সংস্কৃত বিভাগের সহকারী অধ্যাপক তিতাস কুমার শীল। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কখনোই এই বিশ্ববিদ্যালয় থেকে বিচ্ছিন্ন হয় না; তারা আজীবন এই বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি। শতবর্ষী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় প্রতিটি শিক্ষার্থীর ভূমিকা রয়েছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষা সম্পন্ন করে কর্মজগতে প্রবেশ করা জীবনের একটি গুরুত্বপূর্ণ মোড়। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের সময়ের সঠিক ব্যবহার ও দায়িত্বশীল আচরণ জরুরি। বিশেষ করে প্রথম বর্ষে মনোযোগী হওয়া ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের সাংস্কৃতিক, সামাজিক ও সহ-শিক্ষামূলক কার্যক্রমে যুক্ত থাকা উচিত। যা ব্যক্তিত্ব, নেতৃত্ব ও মানবিক মূল্যবোধ গঠনে সহায়ক। অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, সার্টিফিকেট ও চাকরির পাশাপাশি একজন মানবিক মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলাই বিশ্ববিদ্যালয় শিক্ষার মূল লক্ষ্য। তিনি আশা প্রকাশ করেন, নৈতিক ও মানবিক মূল্যবোধ ধারণ করে শিক্ষার্থীরা সমাজ ও কর্মক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যোগ্য প্রতিনিধি হিসেবে প্রতিষ্ঠিত হবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৭ মাঘ ১৪৩২

DU in Media

21 January 2026

ইত্তেফাক



বাংলাদেশ প্রতিদিন



ঢাবিতে পোষাপ্রাণীদের নিয়ে ব্যতিক্রমী অনুষ্ঠান 'পেট কার্নিভাল'

অন্যরকম পেট কার্নিভাল

অন্যরকম পেট